# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বিজ্ঞান**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৫** | সপ্তম অধ্যায়: শক্তির ব্যবহার | পাঠ-১ : কাজ, ক্ষমতা ও শক্তি<br>পাঠ-২, ৩ : শক্তির রূপ<br>পাঠ-৪, ৫ : শক্তির রূপান্তর<br>পাঠ-৬ : শক্তির সংরক্ষণশীলতা<br>পাঠ-১০ : অনবায়ন যোগ্য শক্তি<br>পাঠ-৭, ৮ ও ৯ : নবায়নযোগ্য শক্তি<br>পাঠ ১২ : শক্তির বিকল্প উৎসের সন্ধানে<br>পাঠ ১৩ : আমাদের জীবনে শক্তির প্রভাব ও এর সাশ্রয়ী ব্যবহার।<br>পাঠ ১১ : শক্তির ব্যবহার ও সংকট | ১। শক্তির সংকট মোকাবেলায় বিকল্প শক্তির জন্য তোমার নিজের মত করে একটি প্রজেক্ট তৈরী কর যে প্রজেক্ট শক্তির সংকট মোকাবেলা্র পাশাপাশি শক্তির অপচয় রোধ ও পরিবেশ রক্ষায় ভূমিকা রাখবে।<br>২। প্রজেক্টের নাম নির্বাচন করে ধারাবাহিকভাবে তোমার তৈরিকৃত প্রজেক্টের ধাপগুলো বর্ণনা কর।<br>৩। উক্ত প্রজেক্টটি সামাজিক প্রেক্ষাপটে তোমার এলাকায় কি ধরনের ভূমিকা রাখতে পারবে তার বর্ণনা দাও।<br>৪।তোমার নিজের জীবনে শক্তির অপচয় রোধে তুমি কী ধরনের ভূমিকা রাখতে পারবে বলে তুমি মনে কর। | ১। প্রজেক্ট তৈরী করতে কি কি উপকরণ লাগে সেগুলো জেনে ধাপগুলো লিখবে।<br><br>২। তোমার এলাকায় কি ধরনের প্রজেক্ট উপযোগী সেটি চিন্তা করতে হবে।<br><br>৩। বিভিন্ন ধরনের শক্তির অপচয় কিভাবে রোধ করা যায় এবং পরিবেশে এই অপচয় রোধ কিভাবে ভূমিকা রাখবে তার ধারণা নিবে। | **অতি উত্তম:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিক ও ধারাবাহিকভাবে লেখা।<br>২। ৩টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গাতিপূর্ণ হলে।<br>৩। ৩টি প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**উত্তম:**<br>১। ২টি প্রশ্নের উত্তর সঠিক ও ধারাবাহিকভাবে লেখা।<br>২। ২টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গাতিপূর্ণ হলে।<br>৩। ২টি প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**ভাল:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিক থাকলে ও ধারাবাহিকতার অভাব থাকলে।<br>২। ৩টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণা আংশিকভাবে সঙ্গাতিপূর্ণ হলে।<br>৩। ৩টি প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা থাকলে।<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। ৩টি প্রশ্নের উত্তর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব থাকলে।<br>২। ৩টি প্রশ্নের উত্তরে তথ্য, তত্ত্ব ও ধারণার সঙ্গাতির অভাব হলে।<br>৩। ৩টি প্রশ্নের উত্তরে শিক্ষার্থীর নিজস্বতা ও সৃজনশীলতা না থাকলে। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠনম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪** | **চতুর্থ অধ্যায়:** | পাঠ-১ (আখলাকে হামিদাহ্)<br>পাঠ-২ (পরোপকার)<br>পাঠ-৩ (শালীনতাবোধ)<br>পাঠ-৪ (সৃষ্টির সেবা)<br>পাঠ-৫ (আমানত)<br>পাঠ-৬ (শ্রমের মর্যাদা) | **যৌক্তিকতা নিরুপন**<br><br>মনে কর তোমার মা/বাবা সম্প্রতি স্থানীয় পৌরসভা নির্বাচনে কমিশনার নির্বাচিত হয়েছেন। তোমার মা/বাবার লক্ষ্য হচ্ছে একটি আদর্শ সমাজ গঠনের মাধ্যমে এলাকার উন্নয়নে ইতিবাচক ভূমিকা রাখা।<br><br>উক্ত লক্ষ্য অর্জনে তিনি কীভাবে সফল হতে পারেন নিচের বিষয়বস্তুর আলোকে তার যৌক্তিকতা নিরূপণ কর।<br><br>**সংকেত:**<br>• সদাচরণ<br>• পরোপকার<br>• শালীনতার অপরিহার্যতা<br>• আমানতের বাস্তবায়ন<br>• শ্রম ও শ্রমিকের মূল্যায়ন | • পাঠ্যবইয়ের অধ্যায় চারের সংশ্লিষ্ট পাঠের আলোকে বিষয়বস্তুর মৌলিক চাহিদাগুলো শনাক্ত করতে হবে।<br>• প্রয়োজনে নিজের পাঠ্যবইয়ের সাথে উপরের বা নীচের শ্রেণির সহায়ক পুস্তকের সাহায্য নেয়া যেতে পারে।<br>• শিক্ষক/পরিবারের অন্যান্য সদস্যদের সাথে আলোচনা করে বিষয়ের সঠিকতা সম্পর্কে সম্যক ধারণা নেওয়া যেতে পারে।<br>• কোনো তথ্য উৎস থেকে অবিকল (হুবহু) কোনো তথ্য লিখে অ্যাসাইনমেন্ট জমা দেওয়া যাবে না।<br>• অ্যাসাইনমেন্ট অবশ্যই নিজ হাতে লিখে জমা দিতে হবে। | **অতি উত্তম:**<br>১. বিষয়বস্তু পরিপূর্ণমাত্রায় সঠিক ও ধারাবাহিক ।<br>২. যৌক্তিক বিশ্লেষণ করতে ও কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে সঠিকভাবে লিখতে পারা<br>৩. লেখায় লক্ষনীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**উত্তম:**<br>১. বিষয়বস্তু অধিকাংশক্ষেত্রে সঠিক ও ধারাবাহিক<br>২. যৌক্তিক বিশ্লেষণ করতে ও কুরআন ও হাদিসের উদ্বৃতি আরবিতে অধিকাংশ ক্ষেত্রে সঠিকভাবে লিখতে পারা<br>৩. লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**ভালো:**<br>১. বিষয়বস্তু সঠিক থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২. যৌক্তিক বিশ্লেষণ করতে ও কুরআন ও হাদিসের উদ্বৃতি বাংলায় আংশিকভাবে লিখতে পারা<br>৩. লেখায় সামান্য মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১. বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব।<br>২. যৌক্তিক বিশ্লেষণ করতে ও কুরআন ও হাদিসের উদ্বৃতি লিখতে না পারা<br>৩. লেখায় নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪** | **তৃতীয় অধ্যায়:**<br>**দ্বিতীয় পরিচ্ছেদ:**<br>হিন্দু ধর্মের বিশ্বাস | পাঠ- ১,২ ও ৩: কর্মবাদ ও জন্মান্তরবাদ<br>পাঠ- ৪ ও ৫: নারীর মর্যাদা | ১। 'নারীর প্রতি মর্যাদা দান ধর্মের অঙ্গ'- তোমার পরিবারে নারী সদস্যদের সাক্ষাৎকার নিয়ে সমাজে উক্ত বাক্যটির প্রতিফলন সম্পর্কিত একটি প্রতিবেদন লিখ।<br><br>**সংকেত:**<br>১। হিন্দুধর্মে নারীর অবস্থা<br>২। সাক্ষাৎকারের আলোকে নিজ পরিবারে নারীর অবস্থান<br>৩। তোমার দৃষ্টিতে বর্তমান সমাজে নারীর অবস্থান<br>৪। পাঠ্যবইয়ের আলোকে নারীর মর্যাদাপূর্ণ আসনের যৌক্তিকতা | ১। প্রয়োজনে নিজের পাঠ্যপুস্তক ব্যতীত অন্য সহায়ক বই (উপরের/নিচের শ্রেণির) সাহায্য নেয়া যেতে পারে।<br>২। প্রয়োজনে গুরুজনদের সাহায্য নেয়া যেতে পারে।।<br>৩। পাঠ্যপুস্তকের প্রতিটি পাঠ ভালো ভাবে পড়তে হবে।<br>৪। বানান ও বাক্য গঠনে সচেতন হতে হবে। | **অতি উত্তম:**<br>১। পরিপূর্ণমাত্রায় বিষয়বস্তুর যথার্থতা রক্ষা<br>২। সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। লক্ষণীয় মাত্রায় নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা রক্ষা<br>২। অধিকাংশ ক্ষেত্রে সঠিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**ভালো:**<br>১। বিষয়বস্তুর যথার্থতার অভাব<br>২। আংশিক তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>৪। আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতার অভাব<br>২। কম তথ্যসহ উপস্থাপন<br>৩। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৪। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনের অভাব |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪** | **তৃতীয় অধ্যায় :** দেহ, মন ও আত্মাসম্পন্ন মানুষ | পাঠ ১: দেহ, মন ও আত্মাসম্পন্ন মানুষ<br><br>পাঠ ৩: মানবদেহের অপব্যবহার<br><br>পাঠ ৪: মন ও মনের গুরুত্ব<br><br>পাঠ ৫: সত্তা ও আত্মা<br><br>পাঠ ৬: মানুষ পুরুষ ও নারীরূপে সৃষ্ট | 'ঈশ্বর মানুষকে পুরুষ ও নারীরূপে সৃষ্টি করেছেন এবং সমান অধিকার দিয়েছেন।' এই সম্পর্কে একটি পোস্টার তৈরি কর।<br><br>**সংকেত:**<br>ক) বর্তমান সমাজে নারী ও পুরুষের বৈষম্য<br>খ) বিপরীত লিঙ্গের সমতা ও মর্যাদা রক্ষা<br>গ) পুরুষ ও নারীর সমতার চিত্র<br>ঘ) নারী পুরুষের সমতা রক্ষায় তোমার ভূমিকা | ১। পোস্টার পেপার অথবা ক্যালেন্ডারের উল্টা পৃষ্ঠা অথবা খাতার পৃষ্ঠা জোড়া দিয়ে পোষ্টার তৈরি করা যেতে পারে<br><br>২। অ্যাসাইনমেন্টে উল্লেখিত বিষয়ে রঙের বৈচিত্র্য আনা যেতে পারে<br><br>৩। প্রয়োজনে ছবি, চিত্র, পেপার কাটিং ইত্যাদি সংযোজন করা যেতে পারে<br><br>৪। নিজের পাঠ্যপুস্তক ও অন্য সহায়ক পুস্তকের (উপরের/ নিচের শ্রেণির) অথবা পবিত্র বাইবেল থেকে সাহায্য নেয়া যেতে পারে<br><br>৫। শব্দ ব্যবহারে সাবলীল হতে হবে এবং হাতের লেখার স্পষ্টতা বাঞ্ছনীয় | **অতি উত্তম:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br><br>**উত্তম:**<br>১। অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২। উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩। অধিকাংশ ক্ষেত্রে নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪। বানান ও বাক্য গঠন ঠিক থাকা<br><br>**ভাল:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২। উপস্থাপনায় আংশিক ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>৩। আংশিক নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপন<br>৪। বানান ও বাক্য গঠন আংশিক ঠিক থাকা<br><br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২। উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অভাব<br>৩। নান্দনিক ও বৈচিত্র্যপূর্ণ উপস্থাপনার অভাব<br>৪। বানান ও বাক্য গঠন ঠিক না থাকা |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মুল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা**

| এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| **এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪** | **চতুর্থ অধ্যায়:** দান | পাঠ: ১. দানানুষ্ঠান পরিচিতি<br>পাঠ:২. সংগ দান<br>পাঠ: ৩. দান কাহিনী<br>পাঠ: ৪. দানানুষ্ঠানের সামাজিক গুরুত্ব | শিমুল বড়ুয়া বিত্তবান ব্যক্তি না হওয়া সত্ত্বেও দানশীল ও পরপোকারী হিসেবে এলাকাবাসীর কাছে সমাদৃত। কোভিড-১৯ পরিস্থিতিতে তিনি এলাকায় অনেক মানুষকে তার সাধ্য মতো নানাভাবে সাহায্য করেছেন। এলাকাবাসীর কাছে তিনি 'গরীবের বন্ধু' হিসেবে পরিচিত। শিমুল বড়ুয়ার জীবনের আলোকে নিচের সংকেত অনুসরণ করে 'সামাজিক উন্নয়নে দানের ভূমিকা' শীর্ষক একটি প্রবন্ধ (সর্বোচ্চ ২০০ শব্দ) লিখ।<br>**সংকেত:**<br>১। ভূমিকা<br>২। দানের ব্যাখ্যা<br>৩। দানের বিভিন্ন ক্ষেত্র (যেমন-খাদ্য, বাসস্থান, প্রয়োজনীয় সামগ্রী, চিকিৎসা, শিক্ষা, চাকুরি/কাজের ব্যবস্থা ইত্যাদি)<br>৪। দানের ক্ষেত্র বিত্ত নয় চিত্তই গুরুত্বপূর্ণ<br>৫। দানের জন্য উদ্বুদ্ধকরণ<br>৬। উপসংহার | ১। নিজের পাঠ্যপুস্তকসহ প্রয়োজনে উপরের/নিচের শ্রেণির পাঠ্যপুস্তকের সাহায্য নেওয়া যেতে পারে।<br>২। ইন্টারনেট, পত্র-পত্রিকা, পরিবারের সদস্যদের সাথে আলাপচারিতার মাধ্যমে বিভিন্ন তথ্য জেনে নেওয়া যেতে পারে।<br>৩। প্রয়োজনে ছবি, চিত্র ও পেপার কাটিং ইত্যাদি সংযোজন করা যেতে পারে। | **অতি উত্তম:**<br>১। পরিপূর্ণ মাত্রায় বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা<br>২। বাক্য গঠন ও বানানের সঠিকতা<br>৩। উপস্থাপনায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা, সৃজনশীলতা ও নান্দনিকতা<br>৪। তথ্য ও ধারণার পরিপূর্ণতা<br>**উত্তম:**<br>১। অধিকাংশক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা<br>২। উপস্থাপনায় নিজস্বতা, সৃজনশীলতা ও নান্দনিকতা<br>৩। অধিকাংশক্ষেত্রে বাক্য গঠন ও বানানের সঠিকতা<br>৪। তথ্য ও ধারণা অধিকাংশ ক্ষেত্রে সংগতিপূর্ণ<br>**ভালো:**<br>১। অধিকাংশক্ষেত্রে বিষয়বস্তুর সঠিকতা<br>২। তথ্য ও ধারণা আংশিকভাবে সংগতিপূর্ণ<br>৩। কিছু ক্ষেত্রে বাক্য গঠন ও বানানের সঠিকতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১। অধিকাংশক্ষেত্রে বিষয়বস্তুর সঠিকতার অভাব<br>২। তথ্য ও ধারণারক্ষেত্রে সঠিকতার অভাব<br>৩। অধিকাংশ ক্ষেত্রে বাক্য গঠন ও বানানের ভুল |